

পরিশিষ্ট - চ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
আজিমপুর, ঢাকা।

স্মারক নং: পপঅ/উঃওসঃ/৮৯/৪৬২/১৬৯৯

২৮/০৩/৯০ ইং
তারিখ: ১৪/১২/৯৬ বাংস্মারকলিপি

বিষয়: স্বল্পমেয়াদি ঔষধ ও গর্ভনিরোধক দ্রব্যাদি ব্যবহারের তারিখ অতিক্রান্ত হওয়ার পূর্বে ব্যবহার প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ে জানানো যাইতেছে যে, সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক সময়মত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ না করার ফলে কেন্দ্রীয়/আঞ্চলিক/জেলা সংরক্ষিত পণ্যাগার/জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ের গুদাম এবং উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয় গুদামে বিভিন্ন প্রকারের বহু ঔষধপত্র ও গর্ভনিরোধক দ্রব্যাদি ব্যবহার-অনুপযোগী হইয়া পড়িতেছে। ফলে একদিকে কার্যক্রমের অগ্রগতি যেমন ব্যহত হইতেছে, অপরদিকে আর্থিক ক্ষতিও হইতেছে।

উক্ত পরিস্থিতিতে, ঔষধপত্র ও গর্ভনিরোধক দ্রব্যাদির ব্যবহার যথাসময়ে নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকল কর্মকর্তাগণকে নিম্নলিখিত পদক্ষেপ গ্রহণের জন্য নির্দেশ দেওয়া হইল:

- ক. পণ্যাগার/গুদামের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সকল প্রকারের স্বল্পমেয়াদি ঔষধ এবং গর্ভনিরোধক দ্রব্যাদির তালিকা আলাদাভাবে প্রণয়ন ও সংরক্ষণ করিবেন। নির্দিষ্ট সময়ের মধ্যে মালামাল যাহাতে ব্যবহৃত হয় তাহা নিশ্চিত করার জন্য নিয়মিত পরিবীক্ষণ করিবেন।
- খ. যে সকল উপকরণাদি মেয়াদ-উত্তীর্ণ হওয়ার পূর্বে তাহার নিজস্ব এলাকায় ব্যবহার করা সম্ভব নয় বলিয়া সংশ্লিষ্ট কর্মকর্তা মনে করিবেন, তিনি সেই সকল উপকরণাদির তালিকা পরিচালক (উঃ ও সঃ), পরিবার পরিকল্পনা অধিদপ্তরকে অবহিত করা সাপেক্ষে তাহার উচ্চতর স্তরের পণ্যাগার কর্তৃপক্ষের নিকট প্রেরণ করিবেন। তবে উক্ত তালিকা এমন সময়সীমার মধ্যে প্রেরণ করিতে হইবে যাহাতে সংশ্লিষ্ট উচ্চতর কর্মকর্তা (পণ্যাগার) উক্ত উপকরণাদি অন্যত্র ব্যবহার নিশ্চিত করিতে পারেন।
- গ. স্বল্পমেয়াদি উপকরণাদি তালিকা প্রাপ্তির পর সংশ্লিষ্ট পণ্যাগার কর্তৃপক্ষ পার্শ্ববর্তী জেলাসহ অন্যান্য জেলার সর্বস্তরে প্রয়োজন অনুযায়ী জরুরিভিত্তিতে উপকরণাদি সরবরাহের ব্যবস্থা নিবেন।
- ঘ. পরিবার পরিকল্পনা কার্যক্রমের সর্বস্তরে এইসব স্বল্পমেয়াদি ঔষধ ও গর্ভনিরোধক দ্রব্যাদি মেয়াদের তারিখ উত্তীর্ণ হওয়ার পূর্বে সম্পূর্ণভাবে ব্যবহার করা সম্ভব না হইলে সংশ্লিষ্ট কর্মকর্তা স্বাস্থ্য অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তার সহিত যোগাযোগপূর্বক সেগুলি সেন্ট্রাল মেডিক্যাল স্টোর/মেডিক্যাল কলেজ হাসপাতাল/জেলা হাসপাতাল/উপজেলা স্বাস্থ্য কেন্দ্র বা কোনো স্বাস্থ্য সেবা কেন্দ্রে সরবরাহের ব্যবস্থা নিশ্চিত করিবেন। তবে এই সকল ক্ষেত্রে গৃহীত ব্যবস্থাদি সম্পর্কে এই অধিদপ্তরের পরিচালক (উপকরণ ও সরবরাহ) কে অবহিত করিতে হইবে।
- ঙ. যদি উপরোক্ত ব্যবস্থাদি নেওয়া সত্ত্বেও কোনো মেয়াদ-উত্তীর্ণ ঔষধ/ব্যবহার অনুপযোগী মালামাল থাকিয়া যায় তাহা হইলে উহা ধ্বংস/বিনষ্ট করার জন্য সংশ্লিষ্ট সকল স্তরের কর্মকর্তা এই অধিদপ্তরের পপঅ/উঃওসঃ/৮৯/১০৭/১৬৮৭ নম্বর স্মারকের নির্দেশানুযায়ী মেয়াদ-উত্তীর্ণ হওয়ার/ব্যবহার অনুপযোগী হওয়ার তারিখ হইতে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করিবেন।

এই আদেশ দ্বারা এই অধিদপ্তর হইতে পূর্বে জারীকৃত স্মারক সংখ্যা। ডিপি/প্রোক/উঃ ও সঃ/৬১১১ তারিখ ২৩/৯/৮৬ বাতিল করা হইল।

স্বাক্ষরিত
(সফিউর রহমান)
মহা-পরিচালক

২৮/০৩/৯০ ইং

স্মারক নং: পপঅ/উঃওসঃ/৮৯/৪৬২/১৬৯৯/১(১০৯৩)

তারিখ: ১৪/১২/৯৬ বাং

অনুলিপি প্রেরিত হইল:

১. পরিচালক (সকল)..... এই অধিদপ্তর।
২. পরিচালক, বিশেষ কার্যক্রম তদারকি দল, ঢাকা চট্টগ্রাম/রাজশাহী/খুলনা বিভাগ।
৩. বিভাগীয় পরিচালক, পরিবার পরিকল্পনা, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা বিভাগ।
৪. অতিরিক্ত পরিচালক (ড্রাগস এন্ড স্টোরস), কেন্দ্রীয় পণ্যাগার, মহাখালী, ঢাকা।
৫. উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা, (সকল)।
৬. সহকারী পরিচালক, পরিবার পরিকল্পনা,(সকল)।
৭. সহকারী পরিচালক (মনিটরিং), এই অধিদপ্তর।
৮. উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/মেডিক্যাল অফিসার (এমসিএইচ-এফপি).....উপজেলা
.....জেলা।
৯. আঞ্চলিক সরবরাহ কর্মকর্তা, আঞ্চলিক পণ্যাগার,।
১০. সরবরাহ কর্মকর্তা, পরিবার পরিকল্পনা, জেলা সংরক্ষিত পণ্যাগার,।
১১. জনাবমনিটরিং কর্মকর্তা, এই অধিদপ্তর।
১২. দলনেতা, ব্যবস্থাপনা উন্নয়ন ইউনিট, ১৪ (নিউ) ডিওএইচএস, মহাখালী, ঢাকা।
১৩. পি, আই, এস, আই, ই, এম ইউনিট, এই অধিদপ্তর।

স্বাক্ষরিত

(এম, এ, তাহের)

পরিচালক (উপকরণ ও সরবরাহ)